

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
প্রশাসন শাখা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্টাফ সভার কার্যবিবরণীঃ

সভাপতি	: মোঃ মোখতার আহমেদ সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান	: মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-১৮)
সভার তারিখ ও সময়	: ১৩-০৭-২০২৬; সকাল: ০৩:৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব দেবজিৎ সিংহ (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) স্টাফ সভা পরিচালনা করেন। তিনি বিধিমত এ সভা নিয়মিত অনুষ্ঠিত হওয়ার আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর তিনি সভায় উপস্থিত ১০-২০ তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারীগণের পক্ষে ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রাজ্জাক-কে বক্তব্য রাখার আহ্বান জানান।

ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রাজ্জাক বলেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়টি এমন একটি জায়গায় অবস্থিত, যেখানে পাবলিক ট্রান্সপোর্ট চলাচল না করায় তাদের সকলকে অফিসে আসতে বিড়ম্বনায় পড়তে হয়। এছাড়া, এ মন্ত্রণালয়ের আশেপাশে কোনো হোটেল বা রেস্তোরা না থাকায় তাদেরকে মাঝেমধ্যে অসুবিধায় পড়তে হয়। সে প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের জন্য একটি ক্যান্টিনের ব্যবস্থা করলে সবাই উপকৃত হবে।

এই ধারাবাহিকতায় এ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ মনিরুল হক জানান যে, এ মন্ত্রণালয়টি ২০ (বিশ) তলা বিশিষ্ট একটি ভবন। ইতঃপূর্বে ফায়ার সার্ভিসের একটি এসেসমেন্ট টিম এ মন্ত্রণালয় ভিজিট করেন এবং সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। পর্যবেক্ষণ করে তারা জানান যে, ভবনটি ঝুঁকিপূর্ণ, কারণ অগ্নি দুর্ঘটনা বা ভূমিকম্পের সময় এ ভবন হতে দ্রুততার সাথে বাহিরে যাওয়ার কোনো সহজ পথ নেই। সে প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের পশ্চিম পাশ দিয়ে একটি এক্সিটের ব্যবস্থা করা হলে মন্ত্রণালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী কিছুটা ঝুঁকিমুক্ত হবে।

অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ সাইফুল হক চৌধুরী বলেন যে, এ মন্ত্রণালয়টি বহুতল ভবন হওয়ায় এখানে ক্যান্টিনের জন্য স্থান বরাদ্দ সম্ভব হয়না। অপরদিকে জরুরি ফায়ার এক্সিটের জন্য ইতঃপূর্ব ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু এখন পর্যন্ত কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়নি। মন্ত্রণালয়ে কর্মরত সবার নিরাপত্তার কথা চিন্তা করে জরুরি ফায়ার এক্সিট স্থাপন করা প্রয়োজন।

অতিরিক্ত সচিব (দপ্তর ও সংস্থার প্রশাসন অনুবিভাগ) জনাব আহমাদুল হক বলেন যে, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের নথির গোপনীয় তথ্য ফাঁস হয়ে যাচ্ছে। যার ফলে মন্ত্রণালয়ের সুনাম নষ্ট হচ্ছে। সকলকে এ বিষয়ে, সতর্ক থাকতে হবে।

অতঃপর সভাপতি তাঁর বক্তব্যে, ক্যান্টিন ও ফায়ার এক্সিট স্থাপনের বিষয়ে উপস্থিত সকলকে আশ্বস্ত করেন। পাশাপাশি এ মন্ত্রণালয়ের সকল দপ্তর, অনুবিভাগ, অধিশাখা ও শাখায় প্রাপ্ত নথি ও আগত চিঠির গোপনীয়তা রক্ষা করার জন্য উপস্থিত সকলকে আহ্বান জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. মন্ত্রণালয়ের নিরাপত্তার স্বার্থে ভবনের অভ্যন্তরে খাবার প্রস্তুতের ব্যবস্থা না রেখে তৃতীয় পক্ষের মাধ্যমে বাহির থেকে খাবার প্রস্তুত করে ভবনের কোন এক ফ্লোরে ক্যান্টিন (পেন্টি) স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
২. প্রবাসী কল্যাণ ভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে মন্ত্রণালয়ের পশ্চিম পাশে একটি ফায়ার এক্সিট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।



৩. মন্ত্রণালয়ের সকল দপ্তর, অনুবিভাগ, অধিশাখা ও শাখায় প্রাপ্ত নথি ও আগত চিঠির গোপনীয়তা রক্ষা করতে হবে। গোপনীয়তা রক্ষার ব্যত্যয় হলে এবং কর্মকর্তা/কর্মচারীর জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে বিধিমত ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪. এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা কর্মচারীদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনপূর্বক GPMS (Government Performance Management System) এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখতার আহমেদ)

সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০১৫.০৯৯.০৬২.২৬- ৮৩৩

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩
০৬ আগস্ট ২০২৬

স্টাফ সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। প্রশাসনিক কর্মকর্তা (সকল)/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪। হিসাবরক্ষক, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৫। স্টাফ মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৬। কম্পিউটার অপারেটর (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৭। সহকারী লাইব্রেরিয়ান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৮। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৯। কারিগরি টেকনিশিয়ান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০। অফিস সহায়ক (সকল)/ফরাস/দক্ষ শ্রমিক (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
- ২। উপসচিব, সেবা ও প্রটোকল শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৬। অফিস কপি।



মোঃ জমীম উদ্দিন

উপসচিব

ফোন: ০২-৫৫১৩৮০৫৮

dsadmin@probashi.gov.bd